

তারিখ
পৃষ্ঠা ... ৩ ... কলাম

হলের নাম পরিবর্তনের দাবিতে ছাত্রদলের মিছিল-সমাবেশ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা : কুমিল্লা-পট পরিবর্তনের কয়েক মাস যেতে না যেতেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিব হল ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হলের নাম পরিবর্তনের আন্দোলনে নেমেছে ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার নেতা-কর্মীরা। তারা বঙ্গবন্ধু হলের নাম পরিবর্তন করে জিয়া হল ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম পরিবর্তন করে অন্য কারও নামে হল করার জন্য দাবি করেছে।

শনিবার ছাত্রদলের নেতা-কর্মীরা এ নিয়ে ক্যাম্পাসে মিছিল করে। মিছিলশেষে তারা প্রশাসন ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল বাকুবি শাখার সভাপতি এস.এম.এ খালিদ ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন। বক্তব্যে এস.এম.এ খালিদ দাবি করেন, এ দু'টি হলের নির্মাণের পেছনে সম্পূর্ণ কৃতিত্বই বিএনপি সরকারের।